# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ১২৪০

৮. পবিত্রতা অর্জন (كِتَابُ الطَّهَارَةِ)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি সাগরের পানি দিয়ে ওযূ করা নাজায়েয বলে, তার কথা অপনোদনকারী হাদীস

## ذكر الخبر المدحض قول من نفى جواز الْوُضُوءِ بِمَاءِ الْبَحْرِ

আরবী

1240 ـ أخبرنا الفضل بن الحباب الجمجي قَالَ: حَدَّثَنَا الْقَعْنَبِيُّ عَنْ مَالِكٍ عَنْ صَفْوَانَ بْنِ سُلَيْمٍ عَنْ سَعِيدِ بْنِ سَلَمَةَ مِنْ آلِ بَنِي الْأَزْرَقِ أَنَّ الْمُغِيرَةَ بْنَ أَبِي بُرْدَةَ وَهُوَ مِنْ بَنِي عَبْدِ الدَّارِ أَخْبَرَهُ أَنَّهُ سَمِعَ أَبَا هُرَيْرَةَ يَقُولُ: سَأَلَ رَجُلٌ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّا نَرْكَبُ الْبَحْرَ وَنَحْمِلُ مَعَنَا الْقَلِيلَ مِنَ الْمَاءِ فَإِنْ تَوَضَّأْنَا بِهِ عَطِشْنَا أَفَنَتَوَضَّأُ مِنْ مَاءِ الْبَحْرِ؟ فَقَالَ: (هُوَ الطَّهُورُ مَاؤُهُ الحِلُّ مَيْتَتُهُ)

الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 1240 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

১২৪০. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, "এক ব্যক্তি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে প্রশ্ন করে বলেন, "হে আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম, আমরা সাগরে আরোহন করি, এই সময় আমরা অল্প পরিমাণ পানি বহন করি; কাজেই যদি আমরা তা দিয়ে ওযূ করি, তবে আমরা পিপাসিত হয়ে যাবো, সুতরাং আমরা কি সাগরের পানি দিয়ে ওযূ করতে পারবো?" জবাবে তিনি বলেন, "সাগরের পানি পবিত্র আর তার মৃত প্রাণী বৈধ।"[1]

ফুটনোট

[1] আবূ দাঊদ: ৮৩; সুনান বাইহাকী: ১/৩; মুয়াত্তা ইমাম মালিক: ১/২২; মুসনাদ ইমাম শাফেঈ: ১/১৯; মুসান্নাফ ইবনু আবী শায়বাহ: ১/১৩১; মুসনাদ আহমাদ: ২/২৩৭; ইমাম বুখারী, আত তারীখুল কাবীর: ৩/৪৭৮; তিরমিযী: ৬৯; নাসাঈ: ১/৫০; ইবনু মাজাহ: ৩৮৬; দারেমী: ১/১৮৬; ইবনুল জারুদ: ৪৩; বাগাবী, শারহুস সুন্নাহ: ২৮১;

হাকিম: ১/১৪০; সহীহ ইবনু খুযাইমাহ: ১১১।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রাহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৪৮০।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=90554

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন